

জে এস সি পরীক্ষা ২০১৭ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

চারু ও কারুকলা

বিষয় কোড : 1 4 8

সৃজনশীল প্রশ্ন

মান- ৩৫

সময় : ২ ঘণ্টা

দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচে উল্লিখিত উদ্দীপকগুলো মনোযোগসহ পড়ে সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও।

তৃতীয় অংশ : রচনামূলক অভীক্ষা (মান- ১০)

যেকোনো দুইটি প্রশ্নের উত্তর দাও : $৫ \times ২ = ১০$

- ১। জীবনযাপনে চারু ও কারুকলার অবদান উল্লেখ কর।
- ২। বাংলাদেশের ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশনের (বিসিক) প্রতিষ্ঠাতা শিল্পী কে? তার সম্পর্কে লেখ।
- ৩। স্বাধীনতা ও বিপ্লবী চিত্রের মিছিল সম্পর্কে লেখ।
- ৪। লোকশিল্প ও কারুশিল্পের পারম্পরিক সম্পর্ক ও পার্থক্য নির্ণয় কর।
- ৫। বিষয়ভিত্তিক চিত্র বলতে তুমি কী বুঝ? কয়েকটি বিষয়ের নাম উল্লেখ কর।

অঙ্কনভিত্তিক অংশ (মান- ২৫)

[চারুকলার অংশ থেকে একটি এবং কারুকলার অংশ থেকে একটি আঁকতে হবে।

কিন্তু জলরং ছাড়া যে কোনো মাধ্যমে রং করা যাবে।]

চারুকলার অংশ (মান- ১৫)

- ৬। নিচের বিষয়গুলো থেকে যে কোনো একটি বিষয়ে ছবি এঁকে জলরং ছাড়া পেন্সিলসহ যে কোনো মাধ্যমে রং কর : $৮ + ৭ = ১৫$
 - (ক) বাংলাদেশের গৌরবময় ইতিহাস মুক্তিযুদ্ধকে বিষয় করে একটি চিত্র অঙ্কন কর এবং রং লেপন কর।
 - (খ) তোমার দেখা একটি গ্রামবাংলার দৃশ্য এঁকে রং কর।
 - (গ) লতা, পাতা, ফুল ও পাখি দিয়ে নকশা অঙ্কন কর।

কারুকলার অংশ (মান- ১০)

- ৭। নিচের বিষয়গুলো থেকে যেকোনো একটি বিষয় নিয়ে একটি নকশা আঁক এবং জল রং ছাড়া পেন্সিলসহ যে কোনো মাধ্যমে সাদা-কালো রং কর : $৫ + ৫ = ১০$
 - (ক) প্রাকৃতিক ফর্ম (ফুল, লতা-পাতা, পাখি) ব্যবহার করে $৬'' \times ৪''$ মাপে একটি সাদা-কালো নকশা অঙ্কন কর।
 - (খ) ফুল, লতা-পাতার সমন্বয়ে $৬'' \times ৬''$ মাপের একটি নকশা তৈরি কর। সাদা-কালো রং কর।
 - (গ) মুক্তিযুদ্ধ অথবা ভাষা আন্দোলনকে বিষয় করে একটি ছবি এঁকে যে কোনো মাধ্যমে রং কর।

বিশেষ দৃষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে সঠিক উত্তরের বর্ণটিতে টিক(✓) চিহ্ন দাও। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।

১. নন্দন শব্দটি ব্যবহৃত হয়—

- (ক) কুৎসিত অর্থে (খ) শৌখিন অর্থে
(গ) সুন্দর অর্থ (ঘ) সামাজিক অর্থে

২. ক্যানভাসের কাপড়ের ছিদ্রগুলো বন্ধ করা হয় কী দিয়ে?

- (ক) গাঢ় দ্রব্য (খ) লেই (গ) পেস্ট (ঘ) গাঢ় বর্ণ

৩. কয়টি হাঁসের ছানা দিয়ে একটি সেট বানানো যায়?

- (ক) ২টি (খ) ৩টি (গ) ৪টি (ঘ) ৫টি

৪. পশ্চিম পাকিস্তানের প্রদেশ ছিল কয়টি?

- (ক) ৬টি (খ) ৪টি (গ) ৩টি (ঘ) ১টি

৫. কত সালে বাংলায় প্রচণ্ড দুর্ভিক্ষ দেখা দিয়েছিল?

- (ক) ১৩৫০ (খ) ১২৫০ (গ) ১৩৭৫ (ঘ) ১৩৪৫

৬. শিল্পাচার্য জয়নুল আবেদিনের আঁকা ছবি কোনটি?

- (ক) মুক্তি (খ) সংগ্রাম
(গ) স্বাধীনতা (ঘ) বিদ্রোহ

৭. মহাম্মদ গড় কোথায় অবস্থিত?

- (ক) খুলনা (খ) রাজশাহী
(গ) বগুড়া (ঘ) টাংগাইল

৮. সুলতানের ছেলেবেলা কোথায় কেটেছিল?

- (ক) শহরে (খ) গ্রামে (গ) লন্ডনে (ঘ) ফ্রান্সে

৯. শিল্পকর্মকে মানুষ কী হিসেবে বেছে নিয়েছে?

- (ক) ব্যবসা (খ) জীবিকা (গ) পেশা (ঘ) শখ

১০. পুতুলের মুখে কোন রং ব্যবহার করা হয়?

- (ক) হলুদ রং (খ) লাল রং (গ) কালো রং (ঘ) সাদা রং

১১. রঙিন ছবির প্রধান উপকরণ কোনটি?

- (ক) পেনসিল (খ) কলম (গ) মাটি (ঘ) রং

১২. কর্মরত মানুষ—

- (ক) কুলি (খ) ব্যবসায়ী (গ) শিক্ষক (ঘ) বিজ্ঞানী

১৩. প্রাকৃতিক প্রতিকূলতায় জীবনযাপন করে—

- (ক) ঠেলাওয়ালা (খ) শিক্ষক (গ) কর্মকর্তা (ঘ) জাদুকর

১৪. এনামেল রং কোন মাধ্যমের রং?

- (ক) তেল (খ) প্লাস্টিক (গ) অ্যাক্রিলিক (ঘ) প্যাস্টেল

১৫. নবান্ন চিত্র প্রদর্শনীর ছবিটি কোন কালিতে ড্রইং করা হয়েছে?

- (ক) লাল কালি (খ) কালো কালি
(গ) নীল কালি (ঘ) সাদা কালি